

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৩৩

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

### الفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عِكْرَاشِ بْنِ ذُؤْبِ قَالَ: أَتَيْنَا بِجَفَنَةٍ كَثِيرَةٍ مِنَ الْثَّرِيدِ وَالْوَزْرِ فَخَبَطْتُ بِيَدِي فِي نَوَاحِيهَا وَأَكَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ بَيْنِ يَدَيْهِ فَقَبَضَ بِيَدِهِ الْيُسْرَى عَلَى يَدِيَ الْيُمْنَى ثُمَّ قَالَ: «يَا عِكْرَاشُ كُلُّ مِنْ مَوْضِعٍ وَاحِدٍ فَإِنَّهُ طَعَامٌ وَاحِدٌ». ثُمَّ أَتَيْنَا بِطَبَقٍ فِيهِ الْوَانُ التَّمْرِ فَجَعَلْتُ آكُلُ مِنْ بَيْنِ يَدَيَ وَجَالَتْ يَدُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الطَّبَقِ فَقَالَ: «يَا عِكْرَاشُ كُلُّ مِنْ حَيْثُ شِئْتَ فَإِنَّهُ غَيْرُ لَوْنٍ وَاحِدٍ» ثُمَّ أَتَيْنَا بِمَا فَغَسَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدِيَ وَمَسَحَ بِلِلْ كَفِيَّهِ وَجْهَهُ وَزِرَاعِيَّهِ وَرَأْسَهُ وَقَالَ: «يَا عِكْرَاشُ هَذَا الْوُضُوءُ مِمَّا غَيَّرَتِ النَّارُ». رَوَاهُ التَّرْمِذِيُّ

বাংলা

৪২৩৩-[৭৫] ইকরাশ ইবনু যুআয়ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমাদের সম্মুখে বৃহদাকার একটি খাদ্যপাত্র আনা হলো। পাত্রটিতে ছিল সারীদ ও মাংসের টুকরা। আমি আমার হাত দিয়ে পাত্রের চারপাশ হতে নিতে লাগলাম। আর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের সম্মুখ হতে খাচ্ছিলেন। এমন সময় তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বাম হাত দ্বারা আমার ডান হাত ধরে ফেললেন এবং বললেনঃ হে 'ইকরাশ! এক জায়গা হতে খাও, কেননা এটা একই প্রকারের খাদ্য। (বর্ণনাকারী 'ইকরাশ বলেনঃ) অতঃপর আমাদের সম্মুখে একখানা থালা আনা হলো। তখনে বিভিন্ন প্রকারের খেজুর ছিল। তখন আমি কেবলমাত্র আমার সম্মুখ হতে খেতে লাগলাম। আর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাত গোটা থালার মধ্যে ঘুরছিল। তিনি বললেনঃ হে 'ইকরাশ! থালার যে জায়গা হতে ইচ্ছা হয় খাও, কেননা এটা এক প্রকারের নয়। অতঃপর আমাদের জন্য পানি আনা হলো। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের উভয় হাত ধুলেন এবং ভিজা হাত দিয়ে মুখমণ্ডলে, বাহুদ্বয় ও মাথা মুছে নিলেন এবং বললেনঃ হে 'ইকরাশ! এটা হলো সে খাদ্যের উয় যাকে আগুন পরিবর্তন করে দিয়েছে (অর্থাৎ- রান্না করা হয়েছে)। (তিরমিয়ী)[1]

## ফুটনেট

[1] য'ঈফ : তিরমিয়ী ১৮৪৮, ইবনু মাজাহ ৩২৭৪, য'ঈফ সুনান ইবনু মাজাহ ৭০৬।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে “আলা ইবনু ফাফ্ল” নামের একজন, দুর্বল (য'ঈফ) বর্ণনাকারী সম্পর্কে ইমাম যাহাবী (রহিমাত্তুল্লাহ) বলেন, তার মধ্যে ফীহি জাহালাহ। ইবনু হিবান বলেনঃ মুনকারুল হাদীস। ইমাম বুখারী বলেনঃ ফী ইসনাদিহী নাযমন তথা তার বর্ণিত সনদে সমস্যা রয়েছে। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয় য'ঈফাহ ৩/২৫৮ পৃঃ, হাঃ ১১২৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ইবনুল মালিক (রহিমাত্তুল্লাহ) বলেনঃ আলোচ্য হাদীসে এ মর্মে সতর্কবাণী রয়েছে যে, ফল-মূল যখন একই রং বিশিষ্ট বা একই ধরনের হবে তখন পাত্রের বিভিন্ন জায়গায় হাত ঘুরে খাওয়া বৈধ নয়। অন্যদিকে খাদ্য যখন বিভিন্ন ধরনের হবে, তখন পাত্রের যেখানে ইচ্ছা সেখান থেকে নিয়ে খাওয়া বৈধ।

(তুহফাতুল আহ্বানীয়ী ৫ম খন্ড, হাঃ ১৮৪৮)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ইকরাশ ইবনু যুআয়ব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74956>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন